
# হাদি হত্যা মামলার দুই আসামি ফেরত দিতে রাজি ভারত



ইনকিলাব মঞ্চের সাবেক মুখপাত্র শহীদ শরীফ ওসমান হাদি হত্যা মামলার দুই আসামিকে বাংলাদেশে ফেরত পাঠাতে সম্মতি জানিয়েছে ভারত সরকার। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বুধবার (৮ এপ্রিল) এ তথ্য জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, সন্দেহভাজন আসামিদের গ্রেপ্তারের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ভারতকে ধন্যবাদ জানানো হয়েছে। একই সঙ্গে দুই দেশের মধ্যে বিদ্যমান প্রত্যর্পণ চুক্তির আওতায় নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে আটক ব্যক্তিদের দেশে ফেরানোর বিষয়ে উভয়পক্ষ একমত হয়েছে।

এ ছাড়া আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে দেশে ফিরিয়ে আনার অনুরোধও পুনর্ব্যক্ত করেছে বাংলাদেশ।

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার 'বাংলাদেশ ফার্স্ট' নীতিকে সামনে রেখে পারস্পরিক আস্থা, সম্মান ও সমান সুবিধার ভিত্তিতে পররাষ্ট্রনীতি পরিচালনা করবে।

বৈঠকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্কর জানান, শিগগিরই বাংলাদেশি নাগরিকদের জন্য ভারতীয় ভিসা প্রক্রিয়া আরও সহজ করা হবে, বিশেষ করে চিকিৎসা ও ব্যবসায়িক ভিসার ক্ষেত্রে।

এর আগে নয়াদিল্লিতে ড. খলিলুর রহমান ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর ও তেল ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরীর সঙ্গে পৃথক বৈঠক করেন। এসব বৈঠকে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহ উপস্থিত ছিলেন।

আলোচনায় দুই দেশের পারস্পরিক সম্পর্ক আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি ভারত থেকে বাংলাদেশে ডিজেল সরবরাহ অব্যাহত রাখার জন্য ধন্যবাদ জানিয়ে এর পরিমাণ বাড়ানোর অনুরোধও জানানো হয়।